

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৪৭

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ যদি বিলাপ না করা হয় তবে নারীদের জন্য জায়েয রয়েছে মৃত ব্যক্তির জন্য কান্না করা

ذِكْنُ الْإِبَاحَةِ لِلنِّسَاءِ أَنْ يَبْكِينَ مَوْتَاهُنَّ مَا لَمْ يَكُنْ ثُمَّ نَوْحٌ

আরবী

3147 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هِشَامٍ بْنِ عُرْوَةَ قَالَ أَخْبَرَنِي وَهْبُ بْنُ كَيْسَانَ أَنَّ مُحَمَّدَ بْنَ عَمْرٍ وَ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هِشَامٍ بْنِ عُرْوَةَ قَالَ أَخْبَرَنِي وَهْبُ بْنُ كَيْسَانَ أَنَّ مُحَمَّدَ بْنَ عَمْرٍ وَ أَخْبَرَهُ أَنَّ سَلَمَةَ بْنَ الْأَزْرَقِ قَالَ: كُنْتُ جَالِسًا مَعَ ابْنِ عُمَرَ فَأْتِي بِجِنَازَةٍ يُبْكى عَلَيْهَا فَعَابَ ذَلِكَ ابْنُ عُمَرَ وانتهرهنَّ فَقَالَ سَلَمَةُ بْنُ الْأَزْرَقِ: أَشْهَدُ عَلَى أَبِي هُرَيْرَةً بُنُ الْأَزْرَقِ: أَشْهَدُ عَلَى أَبِي هُرَيْرَةً بَيْكى عَلَيْهِ وسلم بِجِنَازَةٍ وَأَنَا مَعَهُ وَمَعَهُ عُمَرُ أَنِي سَمِعْتُهُ يَقُولُ: مُرَّ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم بِجِنَازَةٍ وَأَنَا مَعَهُ وَمَعَهُ عُمَرُ أَنِي سَمِعْتُهُ يَقُولُ: مُرَّ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم بِجِنَازَةٍ وَأَنَا مَعَهُ وَمَعَهُ عُمَرُ وَانْتَهَرَهُنَّ وَانْتَهَرَهُنَّ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَمْ وَالْعَهْدَ قَرِيبٌ) قَالَ ابْنُ عُمَرَ وَسَلَّمَ: (دَعْهُنَّ يَا عُمَرُ فَإِنَّ الْعَيْنَ دَامِعَةٌ وَالنَّفْسَ مُصَابَةٌ وَالْعَهْدَ قَرِيبٌ) قَالَ ابْنُ عُمَرَ: فَاللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ.

الراوي: سَلَمَة بْن الْأَزْرَقِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3147 ا خلاصة حكم المحدث: ضعيف _ ((المشكاة)) (1747) , ((الضعيفة)) (3603).

বাংলা

৩১৪৭. সালামাহ বিন আযরাক থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমার সাথে বসে ছিলাম। অতঃপর একটা জানাযা আনা হলো, যার জন্য কাঁদা হচ্ছিল। তখন আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা এর নিন্দা করেন এবং তাদেরকে ধমক দেন। তখন সালামাহ বিন আযরাক বলেন, আমি সাক্ষ্য দিয়ে বলছি যে, আমি আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুকে বলতে শুনেছি, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পাশ দিয়ে একটি জানাযা নিয়ে একটি জানাযা নিয়ে যাওয়া হয়, এসময় আমি ও উমার রাদ্বিয়াল্লাহু আনহু তাঁর সাথে ছিলাম। নারীরা মৃত ব্যক্তির জন্য কাল্লা করছিলেন। উমার রাদ্বিয়াল্লাহু আনহু তাদেরকে ধমক



দেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "উমার, ওদেরকে ছাড়ুন। কেননা নিশ্চয়ই চক্ষু অশ্রু বিসর্জন দেয়, মন ব্যথাতুর আর প্রিয়জন হারানোর সময়টিও অতিসম্প্রতি।" জবাবে উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামই ভালো জানেন।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৬৭৪; সুনান বাইহাকী: ৪/৭০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৩৯৫; ইবনু মাজাহ: ১৫৮৭; মুসনাদ আহমাদ: ২/১১০; নাসাঈ: ৪/১৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফা: ৩৬০৩)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সালামাহ বিন আযরাক (রা.)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন